



অষ্ট্রেলীয় ডেভেলপমেন্ট বৃত্তি-২০০৩ প্রাপ্তদের সঙ্গে ঢাকায় অষ্ট্রেলীয় এই কমিশনার মিস পেগের্টন বার্টন ও মিস সের্গেটেরী মিস জিলেইমান কয়েকজন

### অষ্ট্রেলিয়ার উন্নয়ন বৃত্তি কর্মসূচীতে নির্বাচিতদের মধ্যে পুরস্কার প্রদান

ইত্তেফাক রিপোর্ট : অষ্ট্রেলিয়ার উন্নয়ন বৃত্তি (এডিএস) কর্মসূচীতে নির্বাচিত বাংলাদেশের ৩৮ জন শিক্ষার্থীকে রবিবার এক অতিথিবিদ্যানে পুরস্কার প্রদান করা হয়েছে।

বাংলাদেশে নিযুক্ত অষ্ট্রেলিয়ার এই কমিশনার মরগারিট বার্টন এডিএস বৃত্তিতে পুরস্কৃত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেছেন, মানব সম্পদ উন্নয়নে বাংলাদেশ ও অষ্ট্রেলিয়া গুরুত্ব উপনীত করতে পেরেছে। তিনি বলেন, অষ্ট্রেলিয়া সরকার আশঙ্কিত যে, বাংলাদেশের মানব সম্পদ উন্নয়নে প্রতি বছর এ ডি এস বৃত্তি কর্মসূচীতে কৃষি বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, উন্নয়ন অর্থনীতি, প্রকৌশল ওয়া প্রযুক্তি ও লোক প্রশাসনসহ প্রধান প্রধান উন্নয়নমূলক শিক্ষাক্ষেত্রে অষ্ট্রেলিয়া বাংলাদেশ থেকে লোক নিতে পারছে। নির্বাচিতদের মধ্যে ৮ জন অষ্ট্রেলিয়া চলে গেছে। বাকী ৩০ জন আগামী বছরের শুরুতে অষ্ট্রেলিয়া যাবে। ১৯ জন শিক্ষার্থীকে সরকারী ক্ষেত্র থেকে এবং ১৯ জনকে উন্নুক্ত ক্ষেত্র থেকে নির্বাচিত করা হয়। উপজাতীয়দের মধ্যে উল্লেখ্যভাবে তিনটি বৃত্তি দেয়া হয়েছে। প্রতি বছর এ ডি এস বৃত্তি কর্মসূচীতে ১৯ জন পুরুষ ও ১৯ জন মহিলাকে নির্বাচিত করা হয়ে।